

DSE-A-4

[তুলনামূলক সাহিত্য]

পূর্ণমান - ৬৫

- ১। (ক) কালিদাসের 'মেঘদূত' প্রসঙ্গে রবীন্দ্রনাথের যে-কোনো তিনটি রচনার উল্লেখ করো। প্রসঙ্গত রবীন্দ্রভাবনায় 'মেঘদূত'-এর তাৎপর্য ব্যাখ্যা করো। ৩+৭

অথবা,

- (খ) জয়দেবকে বাংলা সাহিত্যে অন্তর্ভুক্ত করার কারণ নির্দেশ করো। ১০

- ২। (ক) উনিশ শতকের বাংলা গীতিকবিতার ধারায় শেঙ্কপিয়রের সনেটের প্রভাব কতখানি পড়েছিল, তার সংক্ষিপ্ত পরিচয় দাও। ১০

অথবা,

- (খ) সুধীন্দ্রনাথ দত্তের উপর টি. এস. এলিয়টের প্রভাব কতখানি সংক্ষেপে আলোচনা করো। ১০

- ৩। (ক) দক্ষিণ ভারতীয় ভাষায় রবীন্দ্রচর্চার সংক্ষিপ্ত পরিচয় দাও। ১০

অথবা,

- (খ) প্রেমচাঁদ ও শরৎচন্দ্রের একটি করে উপন্যাস অবলম্বনে উভয়ের সমাজভাবনার সাদৃশ্য আলোচনা করো। ১০

- ৪। (ক) রবীন্দ্রনাথের 'প্রাচীন ভারতে মানস ভ্রমণে' কালিদাসের প্রভাব কতখানি দেখাও। ৫

অথবা,

- (খ) রবীন্দ্রনাথের উপর জয়দেবের প্রভাব সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫

- ৫। (ক) রবীন্দ্র নাটকে শেঙ্কপিয়রের প্রভাব কতখানি তা সংক্ষেপে লেখো। ৫

অথবা,

- (খ) বাংলা কাব্যে নৈর্ব্যক্তিকতার প্রসারে টি. এস. এলিয়টের প্রভাব সম্পর্কে সংক্ষেপে লেখো। ৫

- ৬। (ক) গুজরাটি সাহিত্যে রবীন্দ্রচর্চার সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫

অথবা,

- (খ) মনুষ্যতর প্রাণী নিয়ে লেখা দুটি গল্প অবলম্বনে শরৎচন্দ্র ও প্রেমচাঁদের দৃষ্টিভঙ্গির তুলনা করো। ৫

৭। যে-কোনো একটি বিষয়ে টীকা লেখো।

৫×১

- (ক) কুমারসম্ভবম্
- (খ) ওথেলো
- (গ) সদ্গতি।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

১×১৫

- (ক) উর্বশী ও পুরুরবা কালিদাসের কোন নাটকের চরিত্র?
- (খ) 'আষাঢ়স্য প্রথম দিবস' — কালিদাসের কোন রচনার অনুষঙ্গে জড়িত?
- (গ) কালিদাসের কোন দুটি চরিত্রকে রবীন্দ্রনাথ 'কাব্যের উপেক্ষিতা' বলেছেন?
- (ঘ) 'দশাবতার স্তোত্র' কার লেখা?
- (ঙ) 'শাইলক' শেক্সপিয়রের কোন নাটকের চরিত্র?
- (চ) শেক্সপিয়রের দুটি কমেডি নাটকের নাম লেখো।
- (ছ) বিদ্যাসাগর কী নামে শেক্সপিয়রের কোন নাটকের ভাবানুবাদ করেছেন?
- (জ) টি. এস. এলিয়টের 'দ্য ওয়েস্টল্যান্ড' কবিতার একজন বাঙালি অনুবাদকের নাম লেখো।
- (ঝ) রবীন্দ্রনাথের 'তীর্থযাত্রী' কবিতাটি টি. এস. এলিয়টের কোন কবিতার ভাবানুসরণে লেখা?
- (ঞ) রবীন্দ্রনাথের কোন গানটি সর্বরমতী আশ্রমে উপাসনার পর গাওয়া হতো?
- (ট) মারাঠি ভাষায় অনূদিত রবীন্দ্রনাথের একটি রচনার নাম লেখো।
- (ঠ) পাঞ্জাবি ভাষায় রবীন্দ্রচর্চা করেছেন এমন একজন লেখকের নাম লেখো।
- (ড) কোন ভারতীয় সাহিত্য রবীন্দ্রনাথের দ্বারা সবচেয়ে বেশি প্রভাবিত হয়েছে?
- (ঢ) শরৎচন্দ্রের 'অভাগীর স্বর্গ'-র প্রভাব প্রেমচাঁদের কোন রচনায় পড়েছে?
- (ণ) 'সেবাসদন' কত সালে প্রকাশিত হয়?